

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।
- (২) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ডিজেল পরিবহনের নিমিত্তে দর সংগ্রহের জন্য স্থানীয় পরিবহনকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৬৩.২০২৪.২৯৭; তারিখঃ ০৪/১১/২০২৪ইং।
- (৩) মেসার্স প্রধান সি.এন.জি এন্ড ফিলিং স্টেশন হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৬/১১/২০২৪ইং।
- (৪) মেসার্স শাহ ফতেহ উল্লাহ ট্রেডার্স হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৭/১১/২০২৪ইং।
- (৫) Fatullah Trade International হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৭/১১/২০২৪ইং।
- (৬) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৭) প্রস্তুতকৃত প্রাক্কলন


ক্রমিক নং-১ হতে ৭ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge Management System হিসেবে Incineration করার ব্যবস্থা রয়েছে। উক্ত Incineration এর জন্য জ্বালানী হিসেবে ডিজেল ব্যবহার করা হয়। বর্তমানে প্রতি মাসে কম/বেশি ৩,৫০,০০০.০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) লিটার ডিজেল ও বিভিন্ন ধরনের লুব্রিকেন্ট প্রয়োজন হয়। ঢাকা ওয়াসার প্রেরিত পত্রের আলোকে সরকারি প্রতিষ্ঠান “মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড” এর অনুমোদনক্রমে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ফতুল্লা ডিপো হতে ডিজেল ক্রয় করা হয়। উল্লেখ্য, এ বিষয়ে বিস্ফোরক পরিদপ্তর হতে পেট্রোলিয়াম (ডিজেল) মজুদের লাইসেন্স প্রদান করা হয়েছে।


০৩। “মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড” কর্তৃপক্ষ শুধুমাত্র জ্বালানী ও প্রয়োজনীয় লুব্রিকেন্ট ডিপো হতে বিক্রয় করে, কিন্তু পরিবহন করে না। ফলে আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge Drying and Incineration Plant এ প্রয়োজনীয় ডিজেল পরিবহনের জন্য স্থানীয় পরিবহনকারী প্রতিষ্ঠান হতে দর সংগ্রহের লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং- ২ দ্রঃ)। পরবর্তীতে ৩টি পরিবহনকারী প্রতিষ্ঠান আলোচ্য দপ্তরে পত্র মারফত দর প্রেরণ করে (ক্রমিক নং- ৩, ৪ ও ৫ দ্রঃ)। সংগৃহীত দরের ভিত্তিতে ১টি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৬ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় Fatullah Trade International আলোচ্য কাজের জন্য সর্বনিম্ন প্রতি লিটার ডিজেল পরিবহনের জন্য ০.৯০ টাকা (আইটি-ভ্যাটসহ) দর দাখিল করে। বর্তমানে আলোচ্য কাজটি জরুরী এবং সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রাপ্ত সর্বনিম্ন দরের ভিত্তিতে প্রতি মাসে কম/বেশি ৩,৫০,০০০.০০ লিটার ডিজেল পরিবহনের নিমিত্তে কম/বেশি মোট ১১,০০,০০০.০০ লিটার ডিজেল পরিবহনের লক্ষ্যে ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৭ দ্রঃ)। মোট প্রাক্কলিত মূল্য ৯,৯০,০০০.০০ (নয় লক্ষ নব্বই হাজার) টাকা মাত্র। উল্লেখ্য, প্রকৃত ডিজেল পরিবহনের উপর ভিত্তি করে পরিবহনকারী প্রতিষ্ঠানকে বিল প্রদান করা হবে। আলোচ্য কাজের অনুমোদনের বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।


০৪। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Sludge Drying and Incineration Plant এ জ্বালানী হিসেবে ডিজেল সরবরাহের লক্ষ্যে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ফতুল্লা ডিপো হতে আলোচ্য পয়ঃশোধনাগার পর্যন্ত ডিজেল পরিবহনের লক্ষ্যে “Transport of Diesel and necessary Lubricants from Meghna Petroleum Ltd. Godnail/Fatulla, Narayangonj Depot to Dasherbandi Sewage Treatment Plant (Lot-2)” কাজটি প্রতি লিটার ডিজেল পরিবহনের জন্য ০.৯০ (আইটি-ভ্যাটসহ) টাকা হিসেবে Fatullah Trade International এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর ধারা ৭৬(১)(ট) মোতাবেক কম/বেশি ১১,০০,০০০.০০ লিটার ডিজেল পরিবহনের জন্য (১১,০০,০০০x০.৯০) সর্বমোট ৯,৯০,০০০.০০ (নয় লক্ষ নব্বই হাজার টাকা) মাত্র অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার পয়ঃশোধনাগারের অনুকূলে বরাদ্দকৃত রাজস্ব বাজেটের Fuel for Generator খাত হতে ও ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৮৯ হতে নির্বাহ করা হবে (ক্রমিক নং-১ দ্রঃ)। আলোচ্য কাজের চুক্তি, কার্যাদেশ প্রদান, বিল প্রদানসহ যাবতীয় কাজ নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার সম্পন্ন করবেন।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।



17.11.2024
মনমোহর রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



17.11.24
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


17/11/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


17.11.2024
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।


19.11.24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা


28/11/2024
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।